দৈনিক ইত্তেফাক

তারিখ ... 29 AUG 1995 ...
পৃষ্ঠা ... কলাম ৩ ...

# ১০ টাকার ভর্তির আবেদনপত্র ২ শত টাকা

ইত্তেফাক রিপোর্ট ॥ সরকার কলেজে ভর্তির ক্ষেত্রে আবেদনপত্রের মূল্য ১০ টাকা নির্ধারণ করিয়া দিলেও ইহা এখনও কার্যকর হয় নাই। ২৪শে আগষ্ট শিক্ষা

( ২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ )

## ১০টাকার

(শেষ পৃঃ পর)

মন্ত্রণালয়ের এক জরুরী সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। অথচ গতকালও (সোমবার) ইহা সার্কুলার আকারে কোন কলেজেই পৌঁছায় নাই। লালমাটিয়া মহিলা কলেজ ও সিদ্ধেশ্বরী গার্লস কলেজে ভর্তির জন্য আবেদনপত্র বিক্রি শুরু হইয়াছে। প্রতিটি আবেদনপত্রের মূল্য রাখা হইতেছে ২ শত টাকা। সিটি কলেজে আবেদনপত্রের মূল্য নির্ধারণ করা হইয়াছে ১৫০- টাকা। বেসরকারী অন্যান্য কলেজেও আবেদনপত্রের মূল্য সরকারী ঘোষণা অনুযায়ী ১০ টাকা রাখা সম্ভব হইবে না বলিয়া একটি সূত্র মন্তব্য করিয়াছে। এই ব্যাপারে গতকাল শিক্ষা সচিব ইরশাদুল হকের দৃষ্টি আকর্ষণ করা হইলে তিনি বলেন, মন্ত্রণালয়ের সিদ্ধান্ত সার্কুলার আকারে সকল কলেজেই পাঠানো হইয়াছে। আশা করা যায়, সকলেই এই সিদ্ধান্ত মানিয়া দায়িত্ব পালন করিবেন।